গাংনী পৌর মেয়রের বিরুদ্ধে নির্মানাধীন ভবন ভাঙ্গার অভিযোগ

মেহেরপুরের গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলামের বিরুদ্ধে নির্মানাধীন দুটি পাকা ঘরের আংশিক ভাঙ্গার অভিযোগ উঠেছে।

রবিবার দুপুরে গাংনী থানাপাড়া ও পৌরসভা সংলগ্ন দুটি নির্মানাধীন ভবনের কিছু অংশ ভেঙ্গে দেন তিনি। এ ঘটনায় ভবনের মালিক সহ কয়েকজন কাউন্সিলর ও পৌর মেয়র পাল্টা পাল্টি অভিযোগ করেন।

গাংনী থানাপাড়ার ঘর মালিক পাকুড়িয়া গ্রামের ইমাদুল ইসলাম ও পৌরসভা সংলগ্ন গোপালনগর গ্রামের গোলাম হোসেনের মেয়ে মিতা খাতুন জানান, বিধি মোতাবেক পৌরসভা থেকে অনুমোদন নেওয়ার পরও মেয়রের দাবিকৃত টাকা না দেওয়ার কারনে ভেঙ্গে দেয়া হয়েছে।

এসময় নির্মান শ্রমিকদের গুলি করে মেরে ফেলার হুমকিও দেওয়া হয় বলে অভিযোগ করেন তারা।

৮ নং ওয়ার্ড কাউন্সিলর সাহিদুল ইসলাম বলেন, মেয়র নিয়ম নীতিকে তোয়াক্কা না করেই গায়ের জোরে ঘর ভেঙ্গে দিচ্ছেন। প্রতিবাদ করতে গেলে গুলি করে মারার হুমকি দিচ্ছে।
৬ নং ওয়ার্ড কাউন্সিলর নবীর উদ্দীন বলেন, মেয়র আশরাফুল ইসলাম গোপনে নির্মানাধীন ঘর মালিকের কাছে টাকা চাইছে টাকা না দিলে ঘর ভেঙ্গে দিচ্ছে।

এভাবে অত্যাচার করলে ভবন মালিক ও জনগর কোথায় গিয়ে দাঁড়াবে। ক্ষতিগ্রস্থরা মামলা করতে চাইলে তাদের সহযোগিতা করা হবে বলে আশ্বাস দেন কাউন্সিলর গণ।

৭ নং ওয়ার্ডের কাউন্সিলর বদরুল আলম, ভবন নির্মান সহ যে কোন সমস্যা থাকতে পারে। সেই ওয়ার্ডের কাউন্সিলর, গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে সেটা সমাধান না করে মেয়র বন্দুকের নল দিয়ে সব কিছু করতে চাই।

গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন, নকশা বা ডিজাইন মোতাবেক কাজ না করার কারনে দুটি ঘরের কিছু অংশ ভাঙ্গা হয়েছে।

ইতোপূর্বে বারবার বিল্ডিং কোড মেনে ঘর নির্মানের বিষয়ে অবগত করা হলেও তারা কর্নপাত করেনি। কতিপয় কাউন্সিলরের যোগ সাজসে মিথ্যা চাঁদাবাজির অভিযোগ তোলা হচ্ছে।

মেহেরপুরে অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধে ব্যবস্থা নিচ্ছে পুলিশ

মেহেরপুর জেলার অর্ধশতাধিক অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধে ব্যবস্থা নিচ্ছে পুলিশ। ১৫ দিনের আল্টিমেটাম শেষ হওয়ার পর অবৈধ যানবাহন তৈরি কারখানা চলমান রাখা মালিকদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে জানিয়েছে মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী বলেন, উচ্চ আদালতের নির্দেশনা বাস্তবায়ন করতে সড়ক ও আঞ্চলিক মহাসড়ক থেকে অবৈধযান বন্ধে অভিযান শুরু হয়েছে। ট্রাফিক পুলিশ, থানা ও পুলিশ ক্যাম্প গুলোকে এ অভিযান অব্যাহত রাখার নির্দেশনা দেয়া হয়েছে।

ইতোমধ্যে জেলার বেশ কিছু তালিকা ভুক্ত অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধে মালিকদের ১৫ দিনের সময় দেয়া হয়েছিলো। সে সময় পার হয়েছে। জেলা প্রশাসনের সাথে আলোচনা সাপেক্ষ ভ্রাম্যমাণ আদালত চালিয়ে এসব অবৈধ যানবাহন তৈরি কারখানা বন্ধ করে দেয়া হবে। এরপাশাপাশি কারখানা মালিকদের বিরুদ্ধের ব্যবস্থা নেয়া হবে। অবৈধ যান বন্ধে সকল শ্রেণী পেশার মানুষের সহযোগিতা কামনা করেন।

স্থানীয়দের দাবি, জেলায় অর্ধশতাধিকেরও বেশি অবৈধ নসিমন-করিমন তৈরির কারখানা আছে। গত কয়েক যুগ ধরে এসব কারখানায় অবৈধ ফিনটেস বিহীন যানবাহন তৈরি করছিল মালিকরা। সড়ক মহাসড়কে এসব অবৈধ যানবাহন চলাচল বন্ধ করা গেলে দুর্ঘটনা অনেকাংশে কমে আসবে। অবৈধ যানবাহন তৈরি করে অনেকেই কোটি টাকার মালিক বনে গেছেন।

এদিকে নসিমন করিমন ও অবৈধ যানবাহন তৈরির কারখানা বন্ধের উদ্যোগ

নেয়ায় জেলা পুলিশকে ধন্যবাদ জানিয়েছেন বাস, ট্রাক মালিক, ড্রাইভার পথচারী সহ বিভিন্ন মহল।

গাংনীতে স্কুল ছাত্রী রিমা খাতুনকে অপহরণের অভিযোগ

মেহেরপুরের গাংনীতে স্কুল থেকে দশম শ্রেনীর ছাত্রী রিমা খাতুনকে অপহরণ করা হয়েছে বলে অভিযোগ করেছে তার পরিবার।

রবিবার সকাল ১০ টায় স্কুলে আসার পর তাকে তুলে অপহরণ করা হয়। রিমা খাতুন বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেনীর ছাত্র ও নওদামটমুড়া গ্রামের বিল্লাল হোসেনের মেয়ে।

রিমার পিতা বিল্লার হোসেন জানান, প্রতিদিনের ন্যায় রিমা স্কুলে আসে। স্কুলে আসার পর বামুন্দী হঠাৎ পাড়ার জাহেদ আলীর ছেলে ও বামুন্দী বাজারের রাজু ট্রেডার্সের কর্মচারী নাজমুল তাকে অপহরণ করে নিয়ে যায়।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহকারী সাইফুল ইসলাম মারফত এ ঘটনা জানতে পারি। তিনি আরো বলেন, নাজমুল ১ সন্তানে জনক সে রিমাকে বেশকিছুদিন যাবৎ উত্যাক্ত করে আসছিলো। এ বিষয়টি স্কুলে ও রাজু ট্রের্ডাসের মালিককে জানানো হলেও তারা কোন ব্যবস্থা না নেওয়ার কারনে রিমাকে অপহরণ করা হয়েছে।

রাজু ট্রের্ডাসের মালিক জানান, নাজমুলকে রিমার বিষয়ে সতর্ক করার পাশাপাশি বকাঝকা করা হয়েছে। একারনে সে গত ৪ দিন যাবৎ দোকানে আসেনি।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের অফিস সহকারী সাইফুল ইসলাম জানান, স্কুল চলাকালীর সময়ে নাজমুলের সাথে মোবাইল ফোনে তার কথা হয়েছে কথাবার্তায় ধারনা করা হচ্ছে নাজমুল রিমাকে নিয়ে গেছে।

বামুন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম জানান, রিমাকে স্কুল থেকে অপহরণ করা হয়নী। স্কুলে আসার পথে তাকে

প্রেম ঘটিত বিষয়ে নিয়ে যাওয়া হতে পারে।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে খবর পাওয়ার পর পুলিশ রিমাকে উদ্ধারের চেষ্টা করছে। অপহরণ নাকি প্রেম ঘটিত বিষয় এটা এখনই নিশ্চিত করে বলা সম্ভব হচ্ছেনা। তবে রিমার পরিবার এখনও লিখিত অভিযোগ করেনি।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, এ ঘটনা জানার পরপরই র্যাব ও পুলিশকে ব্যবস্থা নিতে বলা হয়েছে। এছাড়া রিমাকে উদ্ধার ও তার পরিবারের সাথে যোগাযোগ করা হচ্ছে।

গাংনীতে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান শুরু

মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্ন গ্রাম পরিচ্ছন্ন শহর কর্মসূচী বাস্তবায়নের লক্ষে মেহেরপুরের গাংনীতে পরিস্কার পরিচ্ছন্ন অভিযান শুরু হয়েছে।

রবিবার সকাল ১০ টায় উপজেলা পরিষদ চত্তরে পরিস্কার পরিচ্ছন্নতার উদ্বোধন করেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক ও পৌর মেয়র আশরাফুল ইসলাম।

পরিস্কার পরিচ্ছন্ন কাজে অংশ নেন সহকারী কমিশনার ভুমি মো: ইয়ানুর রহমান, ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, মুক্তিযোদ্ধা সোহরাব হোসেন, জেলা সেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবহান ও গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদ হোসেন সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

এছাড়াও উপজেলা প্রশাসনের উদ্যোগে গোটা উপজেলায় পরিস্কার পরিচ্ছন্তার কার্যক্রম চলছে।

মুজিব বর্ষ পালন উপলক্ষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব‘র ভিডিও কনফারেন্স

মুজিব বর্ষ পালন উপলক্ষে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ কায়সার এর সাথে ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালের দিকে মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়। ভিডিও কনফারেন্সে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব ড. আহমেদ কায়সার দেশের সকল বিভাগ ও জেলা প্রশাসকদের সঙ্গে কথা বলেন।

মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসক মো: আতাউল গনি সভাপতিত্বে উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান, স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মো: মুজাহিদুল ইসলাম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা ওসমান গনি ভিডিও কনফারেন্সে উপস্থিত ছিলেন।

সাংবাদিক পোলেনের বাড়িতে হামলায় মেহেরপুর জেলা প্রেসক্লাবে প্রতিবাদ সভা

বাংলাদেশ প্রতিদিনের মেহেরপুর জেলা প্রতিনিধি মাহবুবুল হক পোলেন এর বাড়িতে হামলার প্রতিবাদে জেলা প্রেসক্লাবের নির্বাহী কমিটি গতকাল শনিবার সন্ধ্যায় প্রতিবাদ সভা করেছে।

জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজমের সভাপতিত্বে সভায় দোষীদের আইনের আওতায় আনার দাবি জানানো হয়।

গত শুক্রবার ১৩ ই মার্চ রাত দশটার দিকে কালো কাপড় দিয়ে মুখ বাঁধা একদল দুর্বৃত্ত পোলেনের বাড়ীর গেট ভেঙে ভেতরে প্রবেশ করার চেষ্টা করে। বাড়ির অভ্যন্তরে ইট পাথর ছুড়ে মারার পাশাপাশি প্রাণনাশের হুমকি দেয়। সেই সাথে সাংবাদিকের বাড়িতে হামলা ওপ্রাণনাশের হুমকি দেওয়ায় তীব্র প্রতিবাদ জানানো হয়।

একইসাথে আইনশৃঙ্খলা বাহিনীকে এর সুষ্ঠু তদন্তের মাধ্যমে হামলার সন্ত্রাসীদের আইনের আওতায় এনে বিচার প্রক্রিয়া করার আহ্বান জানানো হয়।

এসময় জেলা প্রেসক্লাবের সহ-সভাপতি নাসের চৌধুরী চ্যানেল সাধারণ সম্পাদক মাহবুব চান্দু, সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিনন, দপ্তর সম্পাদক মাসুদ রানা, নির্বাহী সদস্য মিজানুর রহমান সহ সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হাম-রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে প্রেস ব্রিফিং

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে হাম রুবেলা ক্যাম্পেইন উপলক্ষে প্রেস বিফ্রিং অনুষ্ঠিত হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়। সিভিল সার্জন ডা. নাসির উদ্দিনের সভাপতিত্বে মূল প্রবন্ধ উপস্থাপন করেন হু এর সার্ভিলেন্স এন্ড ইমিউনিনাইজেশন মেডিক্যাল অফিসার ডা. লী শান্তা মন্ডল।

সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন বলেন, হাম-রুবেলার মত সব ক্যাম্পেইন সফল করার ক্ষেত্রে সাংবাদিক গুরত্ব অনেক। তাই এই ক্যাম্পেইন সফল করার লক্ষে তিনি সাংবাদিকদেও সহযোগীতা কামনা

করেন।

তিনি আরো জানান, জেলার ৯ মাস থেকে ১০ বছরের ১ লাখ ২২ হাজার ১৬৯ জন শিশুকে এ টিকা দেওয়া হবে। এর মধ্যে সদর উপজেলায় ৩৫ হাজার ১২১, গাংনী উপজেলায় ৫৮ হাজার ১৯১ জন, ১৬ হাজার ৫৭৯ জন এবং দুটি পৌরসভায় ১২ হাজার ২৭৮ জন শিশু রয়েছে।

সাংবাদিকদের মধ্যে বক্তব্য দেন তোজাম্মেল আযম, মাহাবুব চান্দু, রাশেদুজ্জামান, বেন ইয়ামিন মুক্ত প্রমুখ।

মেপ্র/ইএম

মেহেরপুরে স্কুল-কলেজ ফাঁকি দিয়ে আড্ডা – পুলিশের হাতে আটক ৫

মেহেরপুরে স্কুল -কলেজ চলাকালীন সময়ে কয়েকজন মেয়ে স্কুল-কলেজ ফাঁকি দিয়ে রেস্টুরেন্টে আড্ডা দিচ্ছিল।
এসময় একজন ছাত্রীর অভিভাবক থানায় অভিযোগ করলে সদর থানার এসআই আহসান হাবিব থানা ঘাট সংলগ্ন দাওয়াত রেস্টুরেন্টে অভিযান পরিচালনা করেন।

পুলিশের উপস্থিতি টের পেয়ে কয়েকজন পালিয়ে গেলেও ৫ জন ছেলেকে আটক করে সদর থানায় নিয়ে আসা হয়। আজ রবিবার সকালের দিকে থানা ঘাট সংলগ্ন দাওয়াত রেস্টুরেন্টে এ ঘটনা ঘটে।

পরে তাদের অভিভাবকদের ডেকে ভবিষ্যতে এই ধরনের কাজ থেকে বিরত থাকার মুচলেকা দিয়ে মুক্তি পায়।

আহসান হাবিন বলেন, স্কুল-কলেজ চলাকালিন সময়ে এইসব ছেলে মেয়েরা রেস্টুরেন্টে বসে আড্ডা দিচ্ছিল। একজন ছাত্রীর অভিভাবক থানায় অভিযোগ করলে সেখানে গিয়ে তাদের ধরে এনে অভিভাবকদের হাতে তুলে দেওয়া হয়।

শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা ভেবে তাদের নাম প্রকাশ করা হলো না।

মেপ্র/এমএফআর

গাংনীতে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে স্কুল ছাত্র নিহত, আহত-২

মেহেরপুরের গাংনীতে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে কিবরিয়া নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে। আহত হয়েছেন আরো দুই ছাত্র। আজ রোববার সকাল ১০ টার দিকে গাংনী পৌর এলকার আখ সেন্টারের অদূরে দুর্ঘটনা ঘটে। কিবরিয়া উপজেলার ধানখোলা গ্রামের ইন্তাদুল ইসলামের ছেলে ও গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেণীর ছাত্র। আহত হয়েছে আরো দুই ছাত্র মুজাহিদ ও পলক। মুজাহিদ ধর্মচাকি গ্রামের জাফর আলীর ছেলে। পলক কাষ্টদাহ গ্রামের মাহাবুল হোসেনের ছেলে।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, মোটর সাইকেল আরোহী কিবরিয়াসহ তার দুই বন্ধু পলক ও মুজাহিদ মিলে মোটর সাইকেলযোগে দ্রতগতিতে স্কুলে আসছিল। এসময় গাংনী আখ সেন্টার এলাকায় পৌছুলে মোটর সাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে খাদে পড়ে যায়। স্থানীয়রা তিনজনকে উদ্ধার করে গাংনী হাসপাতালে নিয়ে আসে। কর্তব্যরত চিকিৎসক কিবরিয়াকে মৃত ঘোষণা করেন। মুজাহিদের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে। পলক কে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে।

মেহেরপুর জেলা আইনজীবী সহকারী সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন

মেহেরপুর জেলা আইনজীবী সহকারী সমিতির দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে আমিরুল ইসলাম-শাহাদুল ইসলাম কানায় প্যানেলের সভাপতি হিসাবে আমিরুল ইসলাম পুননির্বাচিত সহ ১৫ টি পদের মধ্যে ১১ টি তে জয়ী হয়েছেন ।

বিল্টু-জাহিদ নীল প্যানেল থেকে সাধারণ সম্পাদক সহ চারটিতে জয়ী হয়েছেন। গতকাল শনিবার বিকালে নির্বাচনী ফলাফল ঘোষণা করা হয়। সকাল নয়টা থেকে বিরতিহীন ভাবে বিকাল তিনটা পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হয়।

১২১ জন ভোটারের মন জয় করতে ১৫ টি পদে মোট ২৯ জন প্রতিদ্বন্দ্বিতা করেন। নির্বাচনের মোট ১১৯ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেন। এতে বর্তমান সভাপতি বিশিষ্ট মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম ৬৫ ভোট পেয়ে সভাপতি পদে পুননির্বাচিত হন। তার একমাত্র প্রতিদ্বন্দ্বী প্রার্থী আহসান হাবিব বেল্টু ৫০ ভোট পান ।

আমিরুল কানাই প্যানেল থেকে নির্বাচিত অন্যরা হলেন সহ-সভাপতি নাসির উদ্দিন, মোজাম্মেল হক, যুগ্ম-সম্পাদক মমিনুল ইসলাম, মেহেদি আরাফাত পাশা, সাংগঠনিক সম্পাদক সানোয়ার হোসেন, কোষাধক্ষ্য শরিফুল ইসলাম প্রচার সম্পাদক খন্দকার নাজমুল হোসাইন, এবং কার্যনির্বাহী সদস্য মিজানুর রহমান, গিয়াসউদ্দিন মোঃ তুহিন।

এদিকে নীল প্যানেল থেকে বিজয়ী আব্দুস সাত্তার জাহিদ ৬৮ ভোট পেয়ে প্রথমবারের মতো সাধারণ সম্পাদক নির্বাচিত হন। নির্বাচন অপর প্রার্থী শাহাদুল ইসলাম কানাই ৪৮ ভোট। নীল প্যানেলের বিজয় অন্য প্রার্থীরা হল দপ্তর সম্পাদক জিয়াউর রহমান, নির্বাহী সদস্য শামীম রেজা সোহেল রানা।